



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৮২৮/ নতুন/নরসিংদী/ ৩৩

তারিখ : ২৩/০১/২০২২

বিষয় : নিম্ন মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ০৪/১০/২০২১ তারিখের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭২.৩৩.০৩৯.১৪-৪৯২।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে রায়পুরা মডেল স্কুল-কে ০১/০১/২০২২ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে (৬ষ্ঠ-৮ম শ্রেণি) পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো।

### শর্তসমূহ

- ১। প্রাথমিক অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রত্যাহার করা হবে।
- ৩। পত্র ইস্যুর তারিখ হতে ১ (এক) মাসের মধ্যে প্রবিধাননামালা ২০০৯ এর ৪৮ প্রবিধি অনুযায়ী নির্বাহী কমিটি গঠন করতে হবে।
- ৪। বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী সংখ্যা বাড়াতে হবে, শ্রেণির শিক্ষা সরঞ্জাম ও বসার ব্যবস্থা আরো উন্নতমানের করতে হবে।
- ৫। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নীত করার জন্য শিক্ষকগণকে পাঠভিত্তিক পাঠপত্রিকল্পনা গ্রহণ করে শ্রেণিকক্ষে পাঠদান করতে হবে।
- ৬। বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে।
- ৭। সরকারি নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না।
- ৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৯। আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে
- ১০। নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।
- ১১। বিদ্যালয়ের একটি দৃশ্যমান কক্ষে মুজিব কর্নার স্থাপন করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

প্রাপক : প্রধান শিক্ষক

রায়পুরা মডেল স্কুল

পোঃ- রায়পুরা, উপজেলা- রায়পুরা

জেলা- নরসিংদী।

মেমো নং- ৩৩ (১১)

তারিখ : ২৩/০১/২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, নরসিংদী।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, রায়পুরা, নরসিংদী।
- ৭। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।
- ১০। সভাপতি, পরিচালনা কমিটি, রায়পুরা মডেল স্কুল।
- ১১। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

২৩/১/২২